# SATISH CHANDRA MEMORIAL SCHOOL

## PERIODIC TEST-2 (2022-23)

## SUB: BENGALI

**Time : 2hr.** **CLASS- XI** **Marks: 50**

## PART-A Objective Type Questions (MCQ)

**Section-A (Reading)**

**(Case study / unseen comprehension)**

**1.** প্রদত্ত রচনাংশটি পড়ো ও বহুবিকল্প প্রশ্নগুলোর উত্তর দাও। (1×5)

**A. কেস্‌স্টাডি।**

কবিওয়ালা বলতে বোঝানো হতো অশিক্ষিত পটু স্বভাব কবিদের। বহু বিচিত্র ধরণের রচনাকে কবিগানের আওতায় আনা যেতে পারে। ঐতিহাসিকভাবে অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগ থেকে ঊনবিংশ শতাব্দীর শেষভাগ পর্যন্ত সময়সীমায় নবাগত ইংরাজের নবগঠিত রাজধানী কোলকাতায় হঠাৎ বড়োলোক অনাভিজাত ও স্থূল রুচির ধনাঢ্য মানুষদের পৃষ্ঠপোষকতায় তাৎক্ষণিক আমোদের উত্তেজনার আস্বাদনকল্পে এই শিল্পমাধ্যমটির জন্ম। দুজন প্রতিদ্বন্দ্বী কবিয়াল তথা গায়ক কোনো একটি বিষয় নিয়ে পূর্বে রচিত বা তাৎক্ষণিকভাবে পদ রচনা করে চাপান-উতোর নামক প্রশ্নোত্তরের ঢঙে একে অপরকে পর্যুদস্ত করার চেষ্টা করে। ঢোল, করতাল সহযোগে প্রতিপক্ষের গায়কেরাই নিজ নিজ দোহার নিয়ে গান পরিবেশন করতেন। কবির আসরে ভবানী বিষয়, সখী সংবাদ এবং বিরহ অংশের পর সর্বশেষে লহর বা খেউড় গাইবার নিয়ম ছিল। এই খেউড় অংশটি পারস্পরিক গালিগালাজপূর্ণ হওয়ায় তৎকালীন শ্রোতৃমণ্ডলী এই অংশেই আমোদ অনুভব করতেন। কবিওয়ালাদের মধ্যে গোঁজুলা গুঁই, রঘুনাথ দাস, ভোলা ময়রা, অ্যান্টনি ফিরিঙ্গি প্রমুখ বিশেষ উল্লেখযোগ্য। মহারাজ নবকৃষ্ণের পৃষ্ঠপোষকতায় কুলুই চন্দ্র সেন উত্তর প্রত্যুত্তরহীন শাস্ত্রীয় সংগীত ঘেঁষা আখড়াই গানের প্রবর্তন করেন।

**a.** মন্তব্য : কবিগান মূলত উত্তর প্রত্যুত্তরমূলক এক সুচারু ও উচ্চমার্গীয় সংগীত ঘরানা।

কারণ : এই সংগীতের উদ্ভব ঘটে এক অভিজাত ও রুচিশীল ধনী ব্যক্তিবর্গের আমোদের উদ্দেশ্যে।

i) মন্তব্য ঠিক হলেও কারণ ভুল।

ii) মন্তব্য ভুল হলেও কারণ ঠিক।

iii). মন্তব্য ও কারণ উভয়ই ঠিক।

iv) মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

**b.** 'কবিগান' সম্পর্কে যে কথাটি সত্য তা হলো--

i) দুজন কবিয়াল বন্ধুত্বপূর্ণ মনোভাব নিয়ে একটিই গান পরিবেশন করবেন।

ii) দুজন কবিয়ালই একে অপরের বিরোধী।

iii) কবিগান শালীনতার সীমারেখা লঙ্ঘন করে না।

iv) উপরের সবগুলো ঠিক।

**c.** 'খেউড়' বলতে বোঝানো হয়--

i) এক ধরণের রুচিশীল গান।

ii) অশ্লীল গান।

iii) আকাশবাণী।

iv) সাধনগীত।

**d.** কুলুই চন্দ্র সেন যে কারণে বিখ্যাত, তা হলো--

i) একজন নামজাদা স্বভাব কবি।

ii) কবিগানে শাস্ত্রীয় সঙ্গীতের ছোঁয়া আনেন।

iii) কবিগানে খেউড় প্রবর্তন করেন।

iv) কবিগান ও বাউলগানকে একত্রে মিশিয়ে দিয়েছেন।

**e.** কবিওয়ালা বলতে বোঝানো হয়--

i) একদল অশিক্ষিত বাউলদের।

ii) সাধারণ কবিদের।

iii) শিক্ষিত স্বভাব কবিদের।

iv) অশিক্ষিত স্বভাব কবিদের।

**B. বোধপরীক্ষণ।**

প্রদত্ত রচনাংশটি পড়ো ও বহুবিকল্প প্রশ্নগুলোর উত্তর দাও। (1×5)

মানুষের সবথেকে বড়ো আবিষ্কারগুলোর মধ্যে একটি হলো ভাষা আবিষ্কার। যে মুহূর্তে কোনো কথা বলা ও শোনা হল তার পরে কখনো সেই কথাটি অবিকৃতভাবে পাওয়া ছিল অসম্ভব। এই সংরক্ষণ তথা স্থানান্তর ও কালান্তরের বাসনা থেকেই মানুষকে তৈরি করতে হল লিপি। অর্থাৎ, যে ভাষা ছিল বলা ও শোনার বিষয়, দৃশ্যরূপ দিয়ে লিপি তাকে করে তুললো লেখা আর পড়ার সামগ্রী। এই অর্থে লিপি মাত্রেই ছবি, আর এই ছবির চিত্রণের পশ্চাতে কাজ করেছে প্রতীকীয়তা আর বিমূর্ততার আকাঙ্ক্ষা। লিপির খোঁজ মানুষ প্রথমে কিন্তু পায়নি। প্রথমে সে মনের ভাব প্রকাশ করতো ছবি এঁকে। পৃথিবীর সবচেয়ে পুরনো গুহাচিত্রটি তিরিশ হাজার বছরেরও বেশি আগে আঁকা হয়েছিল। ছবি এঁকে মানুষ মনের অন্যান্য ভাবও আদান প্রদান করতো। কিন্তু সব কথা তো ছবি এঁকে বোঝানো যায় না। ছবি আঁকা সময় সাপেক্ষ ব্যাপার আর ছবি সবাই আঁকতেও পারে না। তাই ক্রমশই ছবি ভেঙে ছবির আদলে অক্ষর লেখার

দিকে এগোতে চেষ্টা করলো মানুষ। ছবি-ভাঙা এই লিখনকেই বলা হয় 'চিত্রলিপি'। কিন্তু এরও আগে লিপির আর একটি স্তর রয়েছে, তাকে লিপি বিশারদ ডেভিড ডিরিঞ্জার নাম দিয়েছেন ভ্রূণলিপি।

**a.** লিপির খোঁজ যখন মানুষ পায়নি, তখন তারা মনের ভাব প্রকাশ করতো-

i) কথা বলে।

ii) ছবি এঁকে।

iii) গান গেয়ে।

iv) অঙ্গভঙ্গি করে।

**b.** লিপির প্রয়োজন যে কারণে মানুষ অনুভব করেছিল--

i) কথা বলতে।

ii) সুর সৃষ্টিতে।

iii) ভাষা সংরক্ষণ করতে।

iv) ভাষা আবিষ্কার করতে।

**c.** 'চিত্রলিপি' হলো--

i) ছবি ভাঙা লিখন।

ii) চিত্র সৃষ্টিতে সহায়ক লিপি।

iii) ছবির জন্য লিপি।

iv) কোনোটিই নয়।

**d.** পৃথিবীর সবচেয়ে পুরনো গুহাচিত্রটি কতটা প্রাচীন?

i) তিরিশ হাজার বছরেরও বেশি।

ii) তিন লক্ষ বছরের বেশি।

iii) হাজার বছরেরও বেশি।

iv) তিনশো বছরের বেশি।

**e.** 'সংরক্ষণ' - শব্দটিকে সন্ধিবিচ্ছেদ করলে হবে--

i) সম্ + রক্ষণ

ii) সং + রক্ষণ

iii) সম + রক্ষণ

iv) সমঃ + রক্ষণ